R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)


এম বি পাম্পসেট
চাষীভাইদের স্বপ্নকে সার্থক করে তোলে।
পরিবেশক :—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
৩৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৮ই মাঘ, বুধবার, ১৩৮৪ সাল।
১লা ফেব্রুয়ারী, ১৯৭৮ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## জঙ্গিপুর কলেজে বাণিজ্য বন্ধ, প্রাতঃ বিভাগও ওঠার মুখে

নিজস্ব সংবাদদাতা, ১ ফেব্রুয়ারী—জঙ্গিপুর কলেজ থেকে বাণিজ্য বিভাগের অবলুপ্তি ঘটেছে। প্রাতঃকালীন কলা ও বিজ্ঞান বিভাগ দুটিও বন্ধের মুখে। ছাত্রছাত্রীদের স্থান সংকুলানের অভাবে বহু আন্দোলন ও তদ্বিরের পর জঙ্গিপুর কলেজে এই দুটি বিভাগ চালু হয়েছিল। কিন্তু অনুমোদন ও ছাত্রাভাবের দরুণ আজ তা বন্ধ হতে চলেছে। কলেজের জনৈক মুখপাত্র এই দুঃসংবাদটি দিয়েছেন। মুখপাত্রের কাছ থেকে পাওয়া খবরে জানা গেছে, গত বছর থেকেই কলেজে পর্যাপ্ত ছাত্রের অভাব পরিলক্ষিত হতে থাকে। বাণিজ্য বিভাগে প্রথম বছর ৮০ জন, দ্বিতীয় বছর ৩৪ জন মত ছাত্র ছিল। বর্ত্তমান বছরে কিছু ছাত্রছাত্রীও এই বিভাগে ভর্তির জন্য আবেদন করেছিল। কিন্তু বিশ্ববিদ্যালয়ের অনুমোদন না থাকায় কর্তৃপক্ষ তাদের ভর্তি করতে পারেননি তাই স্বাভাবিকভাবেই বিভাগটি বন্ধ হয়ে গেছে। প্রাতঃকালীন বিভাগে কলা ও বিজ্ঞান পড়াবার ব্যবস্থা বেশ কয়েক বছর আগে ছাত্রছাত্রীর সংখ্যাধিক্যের পরিপ্রেক্ষিতে চালু করা হয়। কিন্তু +২ ক্লাস চালু হওয়ার পর থেকে ছাত্রছাত্রীর সংখ্যা কলেজে কমতে শুরু করে। বর্ত্তমান বছরে তা হ্রাস পেয়ে এমন অবস্থায় পৌঁচেছে, যার ফলে আসছে বছর থেকে প্রাতঃকালীন বিভাগটি বন্ধ হয়ে যাবার আশঙ্কা দেখা দিয়েছে। এ দিকে পি ইউ কোরস তুলে দেওয়ায় জঙ্গিপুর কলেজে +২ ক্লাস পড়াবার বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। এর ফলে স্থানীয় এলাকায় দ্বাদশ শ্রেণীতে ভর্তির সমস্যার আংশিক সুরাহা হবে। অপর

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## প্রিয়-কুমুদ জঙ্গিপুরে আসছেন বসে যাওয়া কর্মীদের চাঙ্গা করার উদ্দেশ্যে

নিজস্ব সংবাদদাতা : কংগ্রেসের উত্তপ্ত রাজনৈতিক মহলের শেষ খবর রেড্ডিপন্থী দুই যুবনেতা প্রিয়রঞ্জন দাসমুন্সী ও কুমুদ ভট্টাচার্য জঙ্গিপুর আসছেন। সম্ভাব্য সময় ফেব্রুয়ারীর তৃতীয় সপ্তাহ। উদ্দেশ্য রাজনীতি থেকে সরে যাওয়া মহকুমার কংগ্রেসী ছাত্র-যুব নেতাদের পুনরায় রাজনীতিতে ফিরিয়ে আনা, যদিও তাঁদের লক্ষ্যের সফলতা নিয়ে সন্দেহের অবকাশ রয়েছে। রাজনৈতিক মহলের খবর, কংগ্রেসের ছাত্র-যুব মহলে নাকি এই দুই যুব নেতার যথেষ্ট প্রভাব রয়েছে আর তাই ভাঙ্গিয়ে বর্ত্তমানে তাঁরা বিভিন্ন জেলা সফরে বেরিয়েছেন। সেই সূত্রে ফেব্রুয়ারীর তৃতীয় সপ্তাহে তাঁদের জঙ্গিপুর মহকুমায় আসার কথা। মহকুমায় সফরের সময় রঘুনাথগঞ্জ, ধুলিয়ান ও ফরাক্কায় তাঁরা কর্মীসভা করবেন এবং সেই ফাঁকে বিতাড়িত ও দলত্যাগী ছাত্র-যুব কর্মীদের সঙ্গে আলোচনা করে তাঁদের রাজনীতিতে পুনরায় ফিরিয়ে আনার চেষ্টা চালাবেন বলে জানা গেছে।

## পাপ ব্যবসায়ে কলঙ্কিত মিঞাপুর আতঙ্কিত

নিজস্ব সংবাদদাতা, ১ ফেব্রুয়ারী—রঘুনাথগঞ্জ শহরের উপকণ্ঠে বারবণিতাদের দেহ বিক্রির পাপ ব্যবসায়ে কলংকিত মিঞাপুরের বাস্তব জগতের আংশিক ভয়াবহ রূপের সঙ্গে পরিচিত হলাম সেদিন। কিছু বারবণিতা রাতের আঁধারে মিঞাপুরের আংশিক এলাকায় কলংকজনক অধ্যায়ের সূচনা করেছে; আর তার পেছনে ভোমরারূপী কিছু সমাজবিরোধীর নিত্যরাতের আনাগোনায় সংশ্লিষ্ট এলাকার জনজীবনে ভীতির সঞ্চার হয়েছে। অনুসন্ধানী খবরে প্রকাশ, গত দু মাস থেকে আশপাশ এলাকার কিছু যুবতী জঙ্গিপুর রোড ষ্টেশন বরাবর কয়েকটি চায়ের দোকানে তাদের দেহের পসরা সাজিয়ে বেশ দু পয়সা কামিয়ে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## শীতের আসরে ফেটো

বহরমপুর, ৩১ জানুয়ারী—এগজিবিশন নানান রকমের অনুষ্ঠিত হ'য়েছে বহরমপুর শহরে কিন্তু সার্কাস ময়দানে টেকনিক্যাল এগজিবিশন এই প্রথম। দৈনন্দিন জীবনে জনসাধারণ যে সমস্ত সুযোগ-সুবিধার দাবীদার তার সম্পর্কে পুংখানুপুংখরূপে জ্ঞান আহরণ করা তাদের নিতান্তই প্রয়োজন আর ফেটো অর্থাৎ ফেডারেশন অব অ্যাসোসিয়েশানস্ অব ইঞ্জিনিয়ার্স এ্যাণ্ড টেকনিক্যাল অফিসার্স্ সেই জন্যই উদ্যোগী হ'য়েছেন সম্পূর্ণ সাহসিকতার সঙ্গে। তাঁদের এই প্রচেষ্টা সম্পূর্ণ সার্থক না হলেও তাঁরা যথেষ্ট সফল হয়েছেন বলা যেতে পারে। কেন না, ১৫ জানুয়ারীর শুভ উদ্বোধনের পর থেকেই ক্রমশঃ দর্শনার্থীর সংখ্যা আশাতীতভাবে বৃদ্ধি পাচ্ছে। অভিনব এই কারীগরী প্রদর্শনীতে সরকারী বিভিন্ন দপ্তর, ব্যাংক, রেষ্টুরেন্ট প্রভৃতি আলাদা আলাদা ষ্টলে নিজেদেরকে সুন্দরভাবে সজ্জিত করেছেন এবং নিজস্ব দপ্তরের কর্ম পদ্ধতি জনসাধারণের কাছে ব্যবহারিক প্রয়োগ হিসাবে মডেল ও পরিসংখ্যানের মাধ্যমে ফুটিয়ে তুলেছেন আকর্ষণীয়ভাবে।

## কলেজ ছাত্রসংসদের নির্বাচন স্থগিত

অরঙ্গাবাদ, ৩১ জানুয়ারী—সাংবিধানিক ত্রুটি-বিচ্যুতির উল্লেখ করে দু'জন ছাত্র আপত্তি জানানোয় গত ২৩ জানুয়ারী জঙ্গিপুর প্রথম মুনসেফ আদালত অরঙ্গাবাদ ডি এন কলেজ ছাত্রসংসদের নির্বাচনের ওপর অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা জারি করেছেন। ২৭ জানুয়ারী বাণিজ্য বিভাগে এবং ২৮ জানুয়ারী দিবা বিভাগে ছাত্রসংসদের নির্বাচনের দিন ধার্য হয়েছিল।

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দারোগা সাসপেনড

সাগরদীঘি, ৩১ জানুয়ারী—কর্তব্য-কর্মে অবহেলার জন্য সাগরদীঘি থানার ভারপ্রাপ্ত পুলিশ অফিসার তারাপদ চট্টোপাধ্যায়কে সাসপেনড করা হয়েছে। ২৫ জানুয়ারী থেকে এই আদেশ কার্যকর হয়েছে। নতুন ও সি পি বি সরকার গতকাল 'আদর্শ থানা'র দায়িত্বভার গ্রহণ করেছেন। খবরটি পুলিশ সূত্রের।

## দারোগার সাত খুন মাপ

নিজস্ব সংবাদদাতা : সরকারী আইন অনুযায়ী জীপ বা ঐ জাতীয় যানবাহন চালাতে অনুমতিপত্রের প্রয়োজন। কিন্তু রঘুনাথগঞ্জ থানার জনৈক এস আই নাকি যখন-তখন গাড়ী ড্রাইভ করে থাকেন বিনা অনুমতিপত্রেই। সম্প্রতি দারোগাবাবু শহরের এক মোড়ে দুর্ঘটনা ঘটাতে ঘটাতে অল্পের জন্য রক্ষা পেয়েছেন। উপরন্তু নিজের গাফিলতি ঢাকতে দূরে দাঁড়িয়ে থাকা এক গরুর গাড়ীর চালককে 'ধরে নিয়ে গিয়ে ভরে দেওয়ার' হুমকী দেখিয়েছেন। উপস্থিত ব্যক্তিদের কেউ কেউ এ দৃশ্য দেখে মুচকি হেসে মন্তব্য ছুঁড়েছেন : 'ভাগ্যিস জরুরী অবস্থা আর সিসা নেই। গাড়োয়ানের ভাগ্য ভাল।'

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৮ই মাঘ বুধবার, সন ১৩৮৪ সাল

## প্রতীক্ষায়

বিড়ালের ভাগ্যে শিকা ছিঁড়িয়া পড়ার কাহিনী তথ্য-প্রমাণ নির্ভর নয়। কিন্তু ব্যাপারটি বাংলার বাগ্‌বিধিধারায় অন্তর্ভুক্ত হইয়াছে। শিকায় রক্ষিত খাদ্য বিড়াল পাইতে চাহে। উহার নাগাল পাওয়া তাহার পক্ষে সম্ভব হইল না। তাই শিকার নীচে তাহাকে দীর্ঘ প্রতীক্ষায় রহিতে হইল; প্রত্যাশা এই যে, বস্তুর ভারে শিকার শক্তি ক্রমশঃ কমিয়া গেলে শিকাটি ছিঁড়িয়া পড়িবে এবং তাহাতে বিড়ালের ইষ্ট লাভ হইবে। অবশ্য বিড়ালের প্রতীক্ষা তাহার প্রত্যাশাকে আনুকূল্য প্রদান করিয়াছিল কিনা, তাহা আমাদের জানা নাই। তবে প্রাপ্তির সম্ভাব্যতা সম্পর্কে যেখানে বিন্দুমাত্র নিশ্চয়তা নাই, সেখানে প্রাপ্তির জন্য শুধু দৈবনির্ভর প্রতীক্ষার ক্ষেত্রে এইরূপ বলা হইয়া থাকে। এই রাজ্যে স্বল্প সঞ্চয় অভিযানে সাফল্য-লাভের ফলশ্রুতি হিসাবে পুরস্কারলব্ধ অর্থের বণ্টনব্যাপারে এই জেলার মহকুমাগুলির ক্ষেত্রে ঐরূপ অবস্থা হইতে পারে বলিয়া শুনা যাইতেছে।

গত বৎসর স্বল্প সঞ্চয় অভিযানে পশ্চিমবঙ্গের অন্যান্য জেলা অপেক্ষা মুর্শিদাবাদ জেলায় সর্বাধিক কাজ হইয়াছে এবং তাহার জন্য এই জেলা প্রথম স্থানাধিকারী হইয়া পাঁচ লক্ষ টাকা পুরস্কার লাভ করিয়াছে বলিয়া শুনা গিয়াছে। আরও সংবাদ যে, এই অর্থ বণ্টন করিবেন জেলা স্বল্প সঞ্চয় উপদেষ্টা কমিটির সভাপতি অর্থাৎ জেলা শাসক মহোদয়। তবে অর্থের বণ্টন কিভাবে হইবে অর্থাৎ মহকুমাগুলিকে দেওয়া হইবে না জেলার কেন্দ্রেই তাহা নিয়োজিত হইবে, তাহা জানা যায় নাই যদিও অসমর্থিত সংবাদে জানা গিয়াছে যে, ঐ অর্থের দ্বারা নাকি জেলা সদরে কিছু কাজ করা হইতে পারে।

আমরা এই প্রসঙ্গে আমাদের বক্তব্য রাখিব। স্বল্প সঞ্চয় অভিযানে শুধু জেলা সদরই কাজ করিয়াছে, তাহা নহে; জেলার সব মহকুমাই সামিল হইয়া থাকিবে। জেলা সদরের কিছু কিছু কাজ করিবার থাকিতে পারে; কিন্তু মহকুমাগুলির সমস্যা নানা এবং তাহাদের সমাধান বিশেষ চিন্তনীয়। অর্থাভাবে ঐ সব সমস্যার কোনটিতে হাত দেওয়া যায় না। পুরস্কার লব্ধ অর্থ মহকুমাগুলির মধ্যে বণ্টন করিয়া দেওয়া প্রয়োজন বলিয়া আমরা মনে করি। তাহাতে মহকুমাগুলি একদিকে যেমন নিজ নিজ সমস্যার সমাধানে কিছুটা পথ দেখিতে পাইবে, অন্যদিকে তেমনি স্বল্প সঞ্চয় অভিযানে তাহারা অধিকতর আন্তরিকভাবে আগ্রহী হইবে। জেলা শাসক মহোদয়কে এই বিষয়ে সহানুভূতিশীল হইয়া বিবেচনা করিতে অনুরোধ জানাইতেছি। মহকুমাগুলি দৈবনির্ভর বিড়াল না হইয়া যেন স্থির আশ্বাস পায়—ইহাও আমাদের অনুরোধ।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### কেচ্ছা সংবাদ প্রসঙ্গে

যখন সামাজিক দিক দিয়ে সত্যি কথা বলার মানসিকতা হারিয়ে রাজনৈতিক নেতাদের 'রেকরড প্লেয়ার' বাজিয়ে আমরা ডুবতে বসেছি, ঠিক সেই মুহূর্তে সত্যি কথা বলার স্পর্ধা দেখলে সেই মানসিকতায় আচ্ছন্ন হয়ে আমরা আর্তনাদ করে উঠি। তাই সংবাদপত্রকে 'কেচ্ছা সংবাদ' বলাটা—আমি, আপনি বল্লে হয়তো ততটা খারাপ লাগতো না; কিন্তু দায়িত্বশীল কোন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, সামাজিক স্তরবিন্যাসে বেশ কিছু 'ঘ্যাম' ডিগ্রীযুক্ত ব্যক্তির কাছ থেকে এই ধরনের মন্তব্য শুধু দুঃখজনকই নয়—বর্তমান শিক্ষা সচেতনতা সম্বন্ধে হাজারো প্রশ্ন হাজির করেছে। শিক্ষার মনুসংহিতায় নিজেকে হরিজন ভেবেই বলছি, এ ধরনের মন্তব্য শিক্ষিত ব্যক্তির কাছ থেকে আমরা সাধারণ লোকেরা পছন্দ করি না। কারণ এটা সম্পূর্ণ গণতন্ত্রবিরোধী বলে আমার বিশ্বাস। বিশেষতঃ সংবাদ-পত্রের সঙ্গে বেশ কিছুদিন যুক্ত থেকে আজ একটি সংবাদপত্র সম্পর্কে এ মন্তব্য আমাকে ভীষণভাবে বিচলিত করেছে। তাই বিনীতভাবে শ্রদ্ধেয় মাষ্টারমশাইকে এই উক্তি প্রত্যাহারের আবেদন জানাচ্ছি অথবা তাঁর যুক্তি সঠিক এই মর্মে আইনগত সারটিফিকেট দাখিল করে জনমানসে তাঁর বক্তব্য সুপ্রতিষ্ঠিত করার অনুরোধ জানাচ্ছি।
--প্রত্যর্পণ সিংহ রায় ( প্রাক্তন ছাত্র, জঙ্গিপুর স্কুল ), মিঠিপুর।

### হাসপাতালের অভিজ্ঞতা

আমার ছেলের বাম হাতের একটি আঙ্গুলে অসহ্য যন্ত্রণা হওয়ায় জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সারজেনের কাছে নিয়ে যাই চিকিৎসার জন্য। তিনি আঙ্গুলে অস্ত্রোপচারের জন্য আমার ছেলেকে বহরমপুর অথবা কলকাতা নিয়ে যাবার পরামর্শ দেন। অথচ স্থানীয় একজন চিকিৎসক ওই অস্ত্রোপচার করেন। আমার প্রশ্ন সামান্য কারণে যদি সকলকে বাইরে ছুটতে হয়, তবে সরকারী হাসপাতালে এক গাদা টাকা খরচ করে সারজেন রাখার কি মানে হয়? আমাদের মত গরীব মানুষের সুচিকিৎসার ব্যবস্থাই বা কবে হবে? —জাহান সেখ, ফুলতলা, রঘুনাথগঞ্জ।

## ব্লক যুব জনতা

সাগরদীঘি, ৩১ জানুয়ারী—এ মাসের গোড়ার দিকে এখানে ৩০ সদস্যের সাগরদীঘি ব্লক যুব জনতা এ্যাডহক কমিটি গঠন করা হয়েছে। ৪৫ জন জনতা কর্মী সভায় উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করেন লক্ষ্মীনারায়ণ বন্দ্যোপাধ্যায়। তরুণতপন সিংহ—সভাপতি, মোঃ নূরন্নবী সেখ ও জ্যোতিপ্রকাশ বন্দ্যোপাধ্যায়—যুগ্ম সাধারণ সম্পাদক এবং গোলাম মুর্তজা, গয়ানাথ মণ্ডল ও কুতুবুদ্দিন সেখ সমিতির সম্পাদক নির্বাচিত হন।

## বিদেশী কাপড় আটক

ধুলিয়ান, ২৭ জানুয়ারী—জাতীয় সড়কের ডাকবাংলোর মোড়ে ধুলিয়ান কাসটমস্ গতকাল একটি বাসে তল্লাশি চালিয়ে প্রায় ১৭৫৯ টাকা দামের বিদেশী কাপড় উদ্ধার ও আটক করে। ওগুলো মালদহের কালিয়াচক থেকে মুর্শিদাবাদের কান্দী শহরে নিয়ে যাওয়া হচ্ছিল বলে প্রকাশ।

## দুই মাথাবিশিষ্ট সন্তান

বোখারা, ৩০ জানুয়ারী—গত ২২ জানুয়ারী সাগরদীঘি থানার বেলখরিয়া গ্রামে হাসিবা বিবি নামে এক মহিলা দুই মাথাবিশিষ্ট এক মৃত সন্তান প্রসব করেন। খবরটি দ্রুত ছড়িয়ে পড়ে এবং ঐ সন্তানটি দেখার জন্য হাসিবা বিবির বাবা আরজেদ সেখের বাড়ীতে ভীড় জমে যায়। ২৩ জানুয়ারী সকালে সন্তানটিকে কবর দেওয়া হয়েছে বলে জানা যায়।

## শহীদ দিবস

নিজস্ব সংবাদদাতা, ৩০ জানুয়ারী—জাতির জনকের তিরোধান দিবস উপলক্ষে আজ শহীদদের স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করা হয়। জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে তথ্য ও জনসংযোগ দপ্তর আয়োজিত সর্বধর্মীয় প্রার্থনাসভায় বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে পাঠ করে শোনানো হয়। সভায় পৌরোহিত্য করেন একজিকিউটিভ ম্যাজিষ্ট্রেট কমলকুমার পাল। পরে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কুষ্ঠ প্রতিরোধ দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা চক্রে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত মহকুমা শাসক শান্তিগোপাল দত্ত।

**মিঠিপুরে ঃ** ৩০ জানুয়ারী রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের মিঠিপুরে উন্নত জাতের কলাচাষ প্রদর্শনীর উদ্বোধন করেন গেঁড় গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান বিমল চক্রবর্তী। এছাড়াও মিঠিপুর এবং সেকেন্দ্রায় দুটি সমিতির কেন্দ্রীয় পাম্পঘরের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে।

## গ্যাসট্রোএনট্রাইটিসে মৃত্যু

জরুর, ৩১ জানুয়ারী—রঘুনাথগঞ্জ ১নং ব্লকের জরুর গ্রামে গ্যাসট্রো-এনট্রাইটিস রোগে আক্রান্ত হয়ে সম্প্রতি ৩ জন গ্রামবাসী মারা গেছেন বলে জানা গেছে। এই গ্রামের ১০টি টিউবওয়েলের মধ্যে ৭টি-ই গত বছর নির্বাচনের পর থেকে খারাপ হয়ে পড়ে থাকায় পানীয় জলের অভাব দেখা দিয়েছে বলেও জানা গেছে।

**বিষক্রিয়ায় মৃত্যু ঃ** সাগরদীঘি থানার বিষ্ণুপুর গ্রামের তুলসী কুনাই (৩৫) নামে এক মহিলা করবলীর ফল খেয়ে অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে ভর্তির পর তাঁর মৃত্যু ঘটে।

## শহরের উপকণ্ঠে ছিনতাই

রঘুনাথগঞ্জ, ২১ জানুয়ারী—গত শনিবার রাত্রি ১০টার পরে ছায়াছবি সিনেমার অপারেটর দেবব্রত দত্তকে বাড়ী যাওয়ার সময় মিয়াপুর রেলগেটে ৭/৮ জন দুর্বৃত্ত মারধোর করে এবং তাঁর কাছ হতে নগদ ৫২০ টাকা ও হাতঘড়ি ছিনতাই করে বলে খবর।

১৮ জানুয়ারী সুতী থানার খাপুর গ্রামের রাস্তায় একজন পথচারীর এক হাজার টাকা ছিনতাই হয় বলে পুলিশ সূত্রে জানা যায়।

# পশ্চিমবঙ্গ সরকার

# টেণ্ডার

## মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পরিদর্শক

## ( প্রাথমিক বিভাগ )

মুর্শিদাবাদ জেলার শহরাঞ্চলে নির্দিষ্ট প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্র/ছাত্রীদের মধ্যাহ্নকালীন টিফিনের জন্য অঞ্চলস্থ বিদ্যালয়গুলিতে রুটি (Bread) সরবরাহের জন্য এই জেলার শহরাঞ্চলে প্রতিটি শিক্ষা পরিদর্শক চক্রের জন্য সৎ, নির্ভরযোগ্য, সংগতিসম্পন্ন ও অভিজ্ঞ বেকারীর নিকট হইতে যথা নির্দিষ্ট ফরমে সীল করা দরপত্র ( টেণ্ডার ) আহ্বান করা যাইতেছে।

দরপত্র ৬-২-৭৮ তারিখ বেলা ৩টা পর্য্যন্ত গৃহীত হইবে এবং নিম্নস্বাক্ষরকারী ঐ সময়ের মধ্যে গৃহীত দরপত্র পরের দিন বেলা ১২-১৫ মিঃ এর সময় দরপত্রদাতাদের সম্মুখে খুলিবেন। দরপত্র গ্রহণের সময় সমমূল্যের দরপত্র হইলে স্থানীয় ( অঞ্চলস্থ ) বেকারীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

সরবরাহিত :— প্রতিটি রুটি (Bread) ছয়খণ্ড বা টুকরাবিশিষ্ট ( প্রতি টুকরা ৭৫ গ্রাম ) নীট ৪৫০ গ্রাম ওজনের হইতে হইবে। অন্যথায় নীট ৭৫ গ্রাম ওজনের বন সরবরাহ করিতে হইবে। উক্ত রুটি সরকার নির্ধারিত ফর্মুলায় স্বাস্থ্য বিধিমতে প্রস্তুত করিতে হইবে এবং প্রতিটি রুটি বা বন থেলোপেন পেপারের বা কাগজের মোড়কে মুড়িতে হইবে। উহার উপরে সরকার নির্দেশিত বয়ান মুদ্রিত থাকিবে। বিশেষভাবে উল্লেখ থাকে যে কোন ক্ষেত্রেই পরিবহণ ব্যয়সহ রুটির সরবরাহ মূল্য বর্ত্তমান সরকার নির্ধারিত মূল্যের বেশী হইবে না। যিনি যে পরিদর্শকমণ্ডলের জন্য দরপত্র জমা দিবেন তাঁর বেকারী অবশ্য উক্ত সংশ্লিষ্ট পরিদর্শকমণ্ডলের এলাকার মধ্যে অবস্থিত হইতে হইবে। কিন্তু যে পরিদর্শকমণ্ডলের এলাকার মধ্যে বেকারী নাই সেক্ষেত্রে সন্নিকটস্থ পরিদর্শকমণ্ডলের এলাকার বেকারী অগ্রাধিকার পাইবেন।

হাল সময়ের আয়কর—বিক্রয়কর পরিশোধের প্রসংসাপত্র এবং উক্ত কার্য্য নির্বাহ করার সামর্থসূচক অন্যান্য পরিচয়পত্র যথা ট্রেড লাইসেন্স, রেডক্রস ও জেলা স্বাস্থ্য দপ্তরের প্রশংসাপত্র দাখিল করিতে হইবে।

প্রতিটি শিক্ষা পরিদর্শকমণ্ডলের জন্য পৃথক পৃথকভাবে প্রতি প্রস্থ বাবদ টাকা ২·০০ ( দুই টাকা ) আদায় দিলে ৪-২-১৯৭৮ তারিখ বেলা ৩টা পর্য্যন্ত যে কোন কাজের দিন অফিস চলাকালীন সময়ে রুটি তৈয়ারীর ফর্মুলা, মালপত্রের বিবরণ, ডেলিভারী সাইট ( বিদ্যালয়ের নাম ), দরপত্রের ফরম বা এই বিষয় সংক্রান্ত সমস্ত কাগজপত্র পাওয়া যাইবে। জেলা বিদ্যালয় পরিদর্শক ( প্রাথমিক শিক্ষা ) মুর্শিদাবাদ এর অনুকূলে কাটা ডিমস্ত ড্রাফট পে অর্ডার আকারে ন্যূনতম বায়নায় ২০০·০০ ( দুই শত ) টাকা কোন কারণ না দর্শাইয়া যে কোন দরপত্র অথবা সমস্ত দরপত্র অগ্রাহ্য করিবার অধিকার অথারিটি ( দরপত্র নির্বাচকমণ্ডলী ) রাখে এবং সর্বনিম্ন দরপত্র গ্রহণে অথারিটি বাধ্য নহেন।

নিম্নে জেলার প্রতিটি মিউনিসিপ্যালিটির নাম এবং পরিদর্শকমণ্ডলের নাম দেওয়া হইল।

কতদিন এবং কত পরিমাণ কাজ চলিবে তাহা দরপত্র বিক্রয়ের সময়ই জানা যাইবে।

| | মিউনিসিপ্যালিটির নাম | সার্কেলের নাম |
|---|---|---|
| ১। | বহরমপুর জোন নং ১ হইতে ৪ | বহরমপুর সদর নর্থ |
| ২। | „ „ ৫ „ ১২ | „ „ পূর্ব |
| ৩। | „ „ ১৩ „ ১৮ | „ „ পশ্চিম |
| ৪। | „ „ ১৯ „ ২৪ | সারগাছি |
| ৫। | „ „ ২৫ „ ৩০ | বহরমপুর সদর দক্ষিণ |
| ৬। | জিয়াগঞ্জ | ভগবানগোলা |
| ৭। | ধুলিয়ান | ধুলিয়ান |
| ৮। | জঙ্গিপুর | জঙ্গিপুর |
| ৯। | কান্দী | কান্দী |
| ১০। | মুর্শিদাবাদ ( লালবাগ ) | মুর্শিদাবাদ |

**শ্যামাদাস ভট্টাচার্য্য**
মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পরিদর্শক
( প্রাথমিক শিক্ষা ) ২৪-১-৭৮

## প্রজাতন্ত্র দিবস

নিজস্ব সংবাদদাতা : ২৬ জানুয়ারী ভারতের ২৯ তম প্রজাতন্ত্র দিবস জঙ্গিপুর মহকুমার সর্বত্র উদ্‌যাপিত হয়েছে বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে। ওই দিন জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে পুলিশ, হোমগার্ড ও জঙ্গিপুর টাউন ক্লাবের সদস্যদের সমবেত কুচকাওয়াজে অভিবাদন গ্রহণ করেন ভারপ্রাপ্ত মহকুমা শাসক শান্তিগোপাল দত্ত। জাতীয় সঙ্গীত পরিবেশন করেন রঘুনাথগঞ্জ বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা। রেডক্রশের পক্ষ থেকে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ফল ও মিষ্টান্ন বিতরণ করা হয়। এস ডি ও কোরট ময়দানে অনুষ্ঠিত রঘুনাথগঞ্জ একাদশ বনাম জঙ্গিপুর একাদশের প্রীতি ক্রিকেটে জঙ্গিপুর একাদশ ২ উইকেটে জয়লাভ করে। অনুষ্ঠানগুলির উদ্যোক্তা জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তর। জঙ্গিপুর টাউন ক্লাব ও আমরা ক'জন ক্লাবেও প্রজাতন্ত্র দিবস পালিত হয়। এই উপলক্ষে রঘুনাথগঞ্জ বন্ধু সমিতি ৭ কিমি রাস্তা দৌড় প্রতিযোগিতার আয়োজন করেন। জঙ্গিপুর টাউন ক্লাবের রুমা প্রামাণিক ও রীণা মজুমদারসহ ১৮ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেন। মির্জাপুর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবের তপন সাহা প্রথম, রাধারঘাট (বহরমপুর) সেবা মিলনীর মলয় সিংহরায় দ্বিতীয় এবং অরঙ্গাবাদ ডি এন কলেজের চঞ্চলকুমার দাস তৃতীয় স্থান অধিকার করেন।

## ক্লাবের বর্ষপূর্তি উৎসব

জঙ্গিপুর, ১৭ জানুয়ারী—গত ১০ জানুয়ারী জঙ্গিপুর টাউন ক্লাবের অষ্টম বর্ষ পূর্তি উৎসব পালিত হয়। এই উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১১ জানুয়ারী সন্ধ্যায় লোকসঙ্গীতের একক অনুষ্ঠান পরিবেশন করেন মানিক চট্টোপাধ্যায়।

## দেব এষ্টেটের নির্বাচন

অরঙ্গাবাদ, ২১ জানুয়ারী—গত ১৪ জানুয়ারী বাজিতপুর শ্রীশ্রী৺বলরাম সর্বেশ্বর মদনমোহন পাবলিক দেব এষ্টেটের সেবাইত ও মহান্ত নির্বাচিত হয়েছেন শম্ভুনাথ দেবশর্মা। এষ্টেট পরিচালনার জন্য ওই দিন একটি কার্যনির্বাহক সমিতিও গঠিত হয় বলে জানানো হয়েছে।

## খেলার খবর

মিরজাপুর, ৩১ জানুয়ারী—সর্বভারতীয় খেলার আসরে মিরজাপুরের নবভারত স্পোরটিং ক্লাব নিজেকে প্রতিষ্ঠিত করে নিতে পেরেছে। ত্রিবান্দ্রমে অনুষ্ঠিত সর্বভারতীয় স্কুল গেমসে এই ক্লাবের ঝরণা দাস ডিসকাস নিক্ষেপে ২য় স্থান অধিকার করে এবং ৯০০ টাকা জাতীয় বৃত্তি লাভ করে। সুষমা শোশা সারা বাঙলা খেলাধূলা প্রতিযোগিতায় আড়াই হাজারেরও বেশী পয়েন্ট পেয়ে প্রথম এবং প্রণতি সাহা ২৪০০ এরও বেশী পয়েন্ট পেয়ে ২য় স্থান অধিকার করায় বাঙলার প্রতিনিধিত্ব করার যোগ্যতা অর্জন করেছে এবং তারা দু'জনেই প্রতিযোগিতায় অংশ গ্রহণের জন্য আগামী ২০ ফেব্রুয়ারী মাদ্রাজ যাচ্ছে। অন্য একটি খবরে জানা গেছে, রঘুনাথগঞ্জ হাই স্কুলের ছাত্র ভূদেব মুখারজি জানুয়ারী মাসের তৃতীয় সপ্তাহে কলকাতায় অনুষ্ঠিত বাঙলা স্কুল স্পোরটসে শটপাট নিক্ষেপে ৬ষ্ঠ স্থান অধিকার করেছে।

## শিক্ষক আবশ্যক (প্রস্তাবিত)

একজন বি এ এবং একজন বি-এসসি শিক্ষক প্রয়োজন। প্রকাশের সাতদিনের মধ্যে সম্পাদক, সাহেদপুর ইউ. এন জুনিয়ার হাই স্কুল, গ্রাম বাণীপুর, পোঃ ঘোড়শালা. জেলা মুর্শিদাবাদ ঠিকানায় যোগাযোগ করুন।

Phone :- Farakka 24

**ডাঃ এস, এ, তালেব**

ডি এম এস

পোঃ ফরাক্কা ব্যারেজ, মুর্শিদাবাদ।

হোমিওপ্যাথি মতে যাবতীয় পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

**সুবর্ণ সুযোগ**

কির্লোসকার, উষা, কুপার ইত্যাদি কোম্পানীর পাম্পসেট, হাসকিং মেসিন এবং অন্যান্য যন্ত্রপাতি যত্নের সঙ্গে দীর্ঘ কুড়ি বৎসরের অভিজ্ঞ ইঞ্জিনীয়ার দ্বারা মেরামত করা হয়। নিম্নে যোগাযোগ করুন :—

**ক্যালকাটা সাইকেল ষ্টোর**

রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা

( জগন্নাথের সাইকেলের দোকান

সবার প্রিয় চা—

**চা ভাণ্ডার**

রঘুনাথগঞ্জ সদরঘাট

ফোন—১৬

Govt. of West Bengal
Office of the District Magistrate, Murshidabad
M. V. Department

## NOTICE

Applications from the intending candidates are hereby invited for the grant of permanent Stages Carriage permits in respect of the routes noted below :—

The applications in the prescribed from will be received in the office of the undersigned up to 5-00 p. m. of 24. 2. 78.

The form of application will be available from the office of the undersigned on presentation of a receipted copy of a treasury chalan of Rs. 10-00 (Rupees ten) only on account of cost of the application form. Each column of the application form must be filled in properly

Each application should be accompanied with National Savings Certificate of Rs. 200·00 (Rupees two hundred) only representing security deposit which will be returned to the applicants after consideration of their applications. The application will be considered in a meeting of the Regional Transport Authority in due course.

1. Akheriganj to Kandi via Bhagwangola, Jiaganj, Lalbagh, Berhampore, Nabagram & Panchgram (Two permits with one round trip each)
2. Belgram to Lalbagh via Sankoghat, Panchgram & Berhampore. (One permit with one round trip)

Sd/- S.K. Dutta.
Regional Transport Officer,
Murshidabad.

Issued by the District Information & Public Relations Officer, Murshidabad.

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি

সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

বিভিন্ন প্রকার খাদি বস্ত্র, ছাপা সিল্ক শাড়ী, গরদ শাড়ী, গরদ থান, তসর, মটকা, কেঠে, বাপতা ইত্যাদির জন্য যোগাযোগ করুন :—

**গান্ধী স্মারক নিধি**

( খাদি গ্রামোদ্যোগ ভাণ্ডার )

রঘুনাথগঞ্জ ॥ বাজারপাড়া

# পশ্চিমবঙ্গ সরকার

# টেণ্ডার

## মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পরিদর্শক

## ( প্রাথমিক শিক্ষা )

মুর্শিদাবাদ জেলার গ্রামাঞ্চলে নির্দিষ্ট প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্র/ছাত্রীদের মধ্যাহ্নকালীন টিফিনের জন্য অঞ্চলস্থ বিদ্যালয়গুলিতে রুটি (Bread) সরবরাহের জন্য সৎ, নির্ভরযোগ্য, সংগতিসম্পন্ন ও ও অভিজ্ঞ বেকারীর নিকট হইতে যথা নির্দিষ্ট ফরমে সীল করা দরপত্র ( টেণ্ডার ) আহ্বান করা যাইতেছে।

এই জেলার প্রতিটি শিক্ষা পরিদর্শক চক্রের জন্য দরপত্র ৬.২.৭৮ তারিখ বেলা ৩টা পর্য্যন্ত গৃহীত হইবে এবং নিম্নস্বাক্ষরকারী ঐ সময়ের মধ্যে গৃহীত দরপত্র ঐদিন বেলা ৩-১৫ মিঃ এর সময় দরপত্রদাতাদের সম্মুখে খুলিবেন। দরপত্র গ্রহণের সময় সমমূল্য হইলে স্থানীয় ( অঞ্চলস্থ ) বেকারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

সরবরাহিত :— প্রতিটি রুটি ( Bread ) ৭৫ গ্রাম ওজনের ছয়খণ্ড বা টুকরাবিশিষ্ট নীট ৪৫০ গ্রাম ওজনের হইতে হইবে। অন্যথায় নীট ৭৫ গ্রাম ওজনের রুটি সরবরাহ করিতে হইবে। উক্ত রুটি সরকার নির্ধারিত ফর্মূলায় স্বাস্থ্য বিধিমতে প্রস্তুত করিতে হইবে এবং প্রতিটি রুটি বা বন রুটি থেলোপেন পেপারের বা কাগজের মোড়কে মুড়িতে হইবে। উহার উপরে সরকার নির্দেশিত বয়ান মুদ্রিত থাকিবে। বিশেষভাবে উল্লেখ থাকে যে কোন ক্ষেত্রেই পরিবহণ ব্যয়সহ রুটির সরবরাহ মূল্য বর্ত্তমান সরকার নির্ধারিত মূল্যের বেশী হইবে না। যিনি যে পরিদর্শকমণ্ডলের জন্য দরপত্র জমা দিবেন তার বেকারী অবশ্যই উক্ত সংশ্লিষ্ট পরিদর্শকমণ্ডলের এলাকার মধ্যে অবস্থিত হইতে হইবে। যদি নির্দিষ্ট পরিদর্শকমণ্ডলের এলাকার মধ্যে না থাকে তাহা হইলে সন্নিকটস্থ বেকারিগণকে অগ্রাধিকার দেওয়া হইবে।

হাল সময়ের আয়কর—বিক্রয়কর পরিশোধের প্রশংসাপত্র এবং উক্ত কার্য্য নির্বাহ করার সামর্থসূচক অন্যান্য পরিচয়পত্র যথা ট্রেড লাইসেন্স, রেডক্রস ও জেলা স্বাস্থ্য দপ্তরের প্রশংসাপত্র দাখিল করিতে হইবে।

প্রতি শিক্ষা পরিদর্শকমণ্ডলের জন্য পৃথক পৃথকভাবে প্রতি প্রস্থ বাবদ ২·০০ ( দুই ) টাকা আদায় দিলে ৪. ২. ১৯৭৮ তারিখ বেলা ৩টা পর্য্যন্ত যে কোন কাজের দিন অফিস চলাকালীন সময়ে রুটি তৈয়ারীর ফর্মূলা, মালপত্রের বিবরণ, ডেলিভারী সাইট ( বিদ্যালয়ের নাম ), দরপত্রের ফরম বা এই বিষয় সংক্রান্ত সমস্ত কাগজপত্র পাওয়া যাইবে।

জেলা বিদ্যালয় পরিদর্শক ( প্রাঃ শিঃ ) মুর্শিদাবাদ এর অনুকূলে কাটা ডিমাণ্ড ড্রাফট পে অর্ডার আকারে ন্যূনতম বায়নায় ২০০·০০ ( দুই শত ) টাকা অথবা সমস্ত দরপত্র অগ্রাহ্য করিবার অধিকার অথারিটি ( দরপত্র নির্বাচকমণ্ডলী ) রাখেন এবং সর্বনিম্ন দরপত্র গ্রহণে অথারিটি বাধ্য নহেন।

বর্ত্তমান আর্থিক বৎসরে ৩১টি সার্কেলে রুটির কার্য্য চলিবে। কতদিন এবং কত পরিমাণ কাজ চলিবে তাহা দরপত্র বিক্রয়ের সময়ই জানা যাইবে।

**শ্যামাদাস ভট্টাচার্য্য**
মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পরিদর্শক
( প্রাথমিক শিক্ষা )
২৪-১-৭৮

## ১২ ঘণ্টার অনশন

রঘুনাথগঞ্জ, ৩০ জানুয়ারী—আদিবাসী হরিজন, অনুন্নত সম্প্রদায় ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতি অত্যাচারের প্রতিবাদে আজ জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস প্রাঙ্গণে ইন্দিরা কংগ্রেসের প্রায় ১০০ সমর্থক ১২ ঘণ্টার গণঅনশন পালন করেন।

## ফাঁড়া কাটল না

রঘুনাথগঞ্জ, ৩১ জানুয়ারী—ঘোড়শালার দীপ্তেন্দু সিংহের বাড়ীর ফাঁড়া কাটল না। 'ফাঁড়া আছে'—এই অজুহাতে চব্বিশ পরগণা থেকে দুই ব্যক্তি নির্দিষ্ট পরিচয়ে ঐ বাড়ীতে আসে। সেদিন গ্রামের অনেক বাড়ীতেই তারা ফাঁড়া কাটাবার জন্য পূজো-আচ্চা করে। তাদের খাওয়া-দাওয়ার অঢেল ব্যবস্থা হয় দীপ্তেন্দুবাবুর বাড়ীতে। হাত দেখার পর সন্ধ্যেবেলাতে বসে আগন্তুকরা বাড়ীর ফাঁড়া কাটাতে। প্রয়োজন তিন ভরি ওজনের সোনা। গলা থেকে হার খুলে দিলেন দীপ্তেন্দুবাবুর স্ত্রী। একটি বাক্সে তালা বন্ধ হোল সোনার হারটি। বাক্সটি তিনদিন পরে খোলার ফরমান দিয়ে বিদায় নিল আগন্তুকরা। হঠাৎ ঝোঁক চাপল সেইদিনই বাক্সটি খোলার। ভাঙ্গা হোল তালা। এবার বিস্ময়ের পালা। দেখা গেল হারটি নেই। ঘটনাটি ২৩ জানুয়ারীর। পরে খোঁজ নিয়ে জানা গেল, প্রতারকদের তিনটি দল জেলায় লোক ঠকায় তিনটি পদ্ধতিতে। একটি 'টাকা দ্বিগুণ' করে, একটি 'পেতলকে সোনা' করে আর একটি 'বাড়ীর ফাঁড়া কাটায়'। ঘোড়শালার প্রতারণার ঘটনাটি শেষোক্ত দলের বলে সন্দেহ করা হচ্ছে।

## বাউলগানের আসর

জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের উদ্যোগে মণ্ডলপুর ক্লাবে এবং মির্জাপুর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবে পূর্ণচন্দ্র দাস ও সম্প্রদায় বাউলগান পরিবেশন করেন ২৯ ও ৩০ জানুয়ারী।

## কলেজে বাণিজ্য বন্ধ

( ১ম পৃষ্ঠার পর )

দিকে, দুঃসংবাদ বহনকারী মুখপাত্রের আরো খবর, বাণিজ্য ও প্রাতঃ বিভাগ উঠে যাওয়ার সিদ্ধান্তে কয়েকজন অতিরিক্ত অধ্যাপককে অন্যদিকে 'এ্যাবসরব' করে নেওয়া হবে এবং পারটটাইম অধ্যাপক ও কর্মচারীরা ছাঁটাই হবেন। এতদিন কলেজের বহু অধ্যাপক ও কর্মচারী প্রাতঃ বিভাগে অতিরিক্ত ক্লাস করে আংশিক বেতন পেতেন। বর্তমান পরিস্থিতিতে অতিরিক্ত ছাত্রাভাবে জঙ্গিপুর কলেজের আর্থিক স্বচ্ছলতা ব্যাহত হবে বলে কর্তৃপক্ষ আশংকা প্রকাশ করছেন।

Wanted a B. A., B. T. teacher capable of teaching English in higher classes against deputation vacancy upto 4. 5. 78 for Raghunathganj High School, P. O. Raghunathganj, Dist. Murshidabad on pay as per G. A. rules. Candidates are requested to appear before the Managing Committee of the School in the school premises on 10. 2. 78 by 2 p. m. with their applications addressed to the Secretary, Diploma, Certificates and Marksheets at their own cost.

## কলঙ্কিত মিঞাপুর আতঙ্কিত

( ১ম পৃষ্ঠার পর )

চলছে। সঙ্গী সহযোগী দোকানদারেরাও সাকীর সঙ্গে সুরার বন্দোবস্ত রেখেছে। সন্ধ্যে থেকে গভীর রাত্রি পর্যন্ত চলে এখানে খদ্দেররূপী পাশবিক কামনা চরিতার্থ করার মনুষ্যরূপী জীবদের আনাগোনা। বেশীর ভাগই এই এলাকার অখ্যাত-কুখ্যাত সমাজবিরোধী হিসেবে পুলিশের খাতায় ব্ল্যাকলিষ্টেড। এর ফলে মিঞাপুরে বসবাসকারী নাগরিকদের জীবন আজ অতিষ্ঠ হয়ে উঠেছে। দু' একবার আবেদন-নিবেদনও গেছে পুলিশের কাছে কিন্তু কোন ফল হয়নি। পুলিশের নিস্ক্রিয়তা কাটেনি। খবরে প্রকাশ সম্প্রতি শহরের জনৈক যুবকের সঙ্গে সংশ্লিষ্ট নোংরা পল্লিতে কয়েকজন মানুষের মারপিট হয়। যুবকটি নাকি প্রহৃত হন এবং দু' দিন পরে মারা যান। এই ঘটনার কথা গ্রামবাসীদের কাছ থেকে জানা গেছে। আতঙ্কিত গ্রামবাসীরা সব জেনেশুনেও এক অস্বস্তিকর পরিস্থিতির মধ্যে দিন কাটাতে বাধ্য হচ্ছেন বলে অভিযোগ করেছেন। বলেছেন, পুলিশী নিস্ক্রিয়তা পবিত্র মিঞাপুরে ঘৃণ্য পরিবেশের বীজ বপন করেছে।

## নির্বাচন স্থগিত

( ১ম পৃষ্ঠার পর )

নিষেধাজ্ঞার ফলে নির্বাচন স্থগিত রাখতে হয়েছে। নিষেধাজ্ঞা ছাড়াও কলেজ অধ্যক্ষকে কারণ দর্শাতে বলা হয়েছে। আদালতে শুনানীর দিন পড়েছে ২ ফেব্রুয়ারী।

## শিক্ষক আবশ্যক

হাউসনগর জুঃ হাই মাদ্রাসা, পোঃ তিনপাকুড়িয়া, জেলা মুর্শিদাবাদ এ লিভ ভ্যাকান্সীতে একজন অস্থায়ী বি, এস, সি ( পিওর ) শিক্ষক প্রয়োজন। বি, এড, অগ্রগণ্য। ৫।২।৭৮ তারিখের মধ্যে সম্পাদকের নিকট দরখাস্ত করিতে হইবে এবং ৭।২।৭৮ তারিখ বেলা ২ (দুই) ঘটিকায় ইনটারভিউ দিবার জন্য মাদ্রাসায় অরিজিন্যাল মার্কশীটসহ উপস্থিত হইতে হইবে।







রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।